

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 18 June, 2025

ইসরাইলের অব্যাহত বিমান হামলার মধ্যে ইরান থেকে নিজেদের নাগরিকদের সরিয়ে নেওয়া শুরু করেছে চীন। দ্য চীনা নিউজ সার্ভিস এ তথ্য জানিয়েছে খবর আলজাজিরার।

দ্য চীনা নিউজ সার্ভিস রিপোর্ট করেছে, ইরান থেকে চীন তাদের নাগরিকদের প্রথম ব্যাচ সরিয়ে নিচ্ছে।

রাষ্ট্র পরিচালিত সংস্থাটি জানিয়েছে, মঙ্গলবার তেহরান থেকে স্থলপথে তুর্কমেনিস্তানে চীনা নাগরিকরা রওনা হন।

এর আগে, ইরান থেকে সরিয়ে নিতে শুরু করে ভারত। মঙ্গলবার (১৭ জুন) সকালে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি বিবৃতি জারি করে।

ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে জানানো হয়েছে, তেহরান থেকে ভারতীয় শিক্ষার্থীদের নিরাপত্তাজনিত কারণে দূতাবাসের ব্যবস্থাপনায় সরিয়ে নেওয়া হয়েছে। অন্যান্য ভারতীয় নাগরিক, যারা নিজেদের যানবাহনের ব্যবস্থা করতে পারবেন, তাদেরও উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে শহর থেকে সরে যেতে পরামর্শ দেওয়া হচ্ছে।

মন্ত্রণালয় এটাও জানিয়েছে যে, কিছু ভারতীয়কে আর্মেনিয়ার সীমান্ত দিয়ে ইরান থেকে সরিয়ে দেওয়ার ব্যবস্থা করেছে দূতাবাস।

শুক্রবার (১৩ জুন) থেকে শুরু হওয়া ইরান ও ইসরাইলের পালটা-পালটি হামলা ভয়াবহ সংঘাতে রূপ নিয়েছে। উভয় দেশই একে অন্যকে লক্ষ্য করে ড্রোন, ক্ষেপণাস্ত্র ও বিমান হামলা চালাচ্ছে। এতে দুদেশেরই বহু মানুষ হতাহত হয়েছেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 04:47

URL: <https://www.timestodaybd.com/international/7758073474>